



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কবাসী এবং ভ্রমণকারীগণ 25 সেপ্টেম্বর, শনিবারে বিনামূল্যে মাছ ধরতে পারবে

সকল সক্ষমতার অ্যাংলারদের ছিপ ফেলতে এবং বার্ষিক বিনামূল্যে মাছ ধরার দিনের সুবিধা উপভোগ করতে উৎসাহ দেওয়া হচ্ছে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের পঞ্চম বিনামূল্যে মাছ ধরার দিন হল 25 সেপ্টেম্বর, শনিবার, যা জাতীয় শিকার এবং মাছ ধরার দিনের সাথে একই দিনে পড়ে, যা শিকার, মাছ ধরা এবং টার্গেট শুটিং এর মত আউটডোর কার্যক্রমকে উৎসাহ দেওয়ার জন্য প্রতি বছর উদযাপিত হয়। নিউ ইয়র্ক প্রতি বছর অ্যাংলারদের জন্য ছয়টি বিনামূল্যে মাছ ধরার দিন প্রদান করে।

"আমি নতুন এবং অভিজ্ঞ অ্যাংলারদের আসন্ন বিনামূল্যে মাছ ধরার দিনের সুযোগ নিতে আমন্ত্রণ জানাচ্ছি, যা সবাইকে বিনামূল্যে খেলাটি পরখ করে দেখার এবং বন্ধু এবং পরিবার-পরিজনকে একটি নতুন শখের সাথে পরিচিত করে দেওয়ার সুযোগ দেয়," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্কের বিশ্বমানের মাছ ধরার গন্তব্যগুলিতে ছিপ ফেলতে বাইরে যাওয়া আউটডোর কার্যক্রম উপভোগ এবং রিচার্জ করার এক নিখুঁত উপায়। নিউ ইয়র্ক স্টেটে মাছ ধরা বিনোদনের পাশাপাশি অর্থনৈতিক চালক হিসাবে কাজ করে, যা স্টেটজুড়ে স্থানীয় অর্থনীতিকে সহায়তা করে।"

2021 সালের ষষ্ঠ এবং সর্বশেষ বিনামূল্যে মাছ ধরার দিন হল ভেটেরান দিবস, 11 নভেম্বর। [বিনামূল্যে মাছ ধরার দিনগুলিতে](#), নিউ ইয়র্কবাসীরা এবং নিউ ইয়র্কের বাইরে থেকে আসা ব্যক্তিগণ মাছ ধরার লাইসেন্স ছাড়াই বিনামূল্যে মাছ ধরতে পারবে। বিনামূল্যে মাছ ধরার দিনের অংশগ্রহণকারীদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, যদিও মাছ ধরার লাইসেন্সের প্রয়োজনীয়তা শিথিল করা হচ্ছে, কিন্তু মাছ ধরা সংক্রান্ত বাকি সকল নীতিমালা প্রযোজ্য হবে।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর কমিশনার বেসিল সেগোস বলেন, "মাছ ধরা একটি মজার কার্যক্রম যা একা বা পরিবার এবং বন্ধুদের সাথে উপভোগ করা যায়। স্থানীয় পুকুরে বাস মাছ ধরা থেকে, একটি দুর্গম খাড়িতে ব্রক ট্রাউট খুঁজে বের করা এবং এর মাঝের সবকিছুসহ অ্যাংলার হতে চাওয়া মানুষদের জন্য সকল সুযোগ রয়েছে এবং বিনামূল্যে মাছ ধরার দিন আপনার দক্ষতা যাচাইয়ের জন্য নিখুঁত সময়।"

যারা তাদের পরবর্তী মাছ ধরার ট্রিপের পরিকল্পনা করতে চান তাদের জন্য DEC এর [মাছ ধরার জায়গা](#) ওয়েবপেজগুলি নির্ভরযোগ্য সংস্থান। শুরু করতে আগ্রহী অ্যাংলাররা শুরু করার জন্য [আই ফিশ NY বিগিনার্স গাইড টু ফ্রেশ ওয়াটার ফিশিং \(I FISH NY Beginners' Guide to Freshwater Fishing\)](#) দেখতে পারেন, যাতে একটি মাছ ধরার রড রিগিং থেকে শুরু করে ক্যাচ শনাক্ত করণ এবং মাছ ধরার নিয়মকানুন বোঝা পর্যন্ত সমস্ত বিষয়ে তথ্য সরবরাহ করে।

বিনামূল্যে মাছ ধরার দিনে অংশগ্রহণ না করলে, নিউ ইয়র্কে মাছ ধরার জন্য 16 বছর বয়সী এবং তার চেয়ে বড় অ্যাংলারদের অবশ্যই একটি হালনাগাদ করা স্টেট ফিশিং লাইসেন্স থাকতে হবে। মাছ ধরার লাইসেন্স ক্রয়ের তারিখ থেকে 365 দিনের জন্য বৈধ থাকে। মাছ ধরার লাইসেন্স কেনার বিষয়ে আরো তথ্য [DEC এর ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)